সংবাদ

তারিখ ... ...৫।৫।৮৩ ...
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...



# অধ্যাপক আবুল ফজলের ইন্তেকাল



(নিজস্ব বার্তা পরিবেশক)

বিশিষ্ট শিক্ষাবিদ ও সাহিত্যিক অধ্যাপক আবুল ফজল গতরাত ১১টা ১৭ মিনিটে চট্টগ্রামে নিজ বাসভবনে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহে- - - রাজেউন)। তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। তিনি দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভুগছিলেন।

অধ্যাপক আবুল ফজল ১৯০৩ সালের ১৭ই জুলাই সাতকানিয়ার কেওচিয়া গ্রামে জন্ম গ্রহণ করেন।

অধ্যাপক আবুল ফজল দীর্ঘদিন বিভিন্ন সরকারী কলেজে অধ্যাপনা করেন। বাংলাদেশের স্বাধীনতার পরে তিনি বেশ কিছুকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করেন। শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবেও তিনি কিছুকাল নিয়োজিত ছিলেন।

সাহিত্যের অঙ্গনেও অধ্যাপক আবুল ফজল উল্লেখযোগ্য অবদান রেখে গেছেন। তাঁর সাহিত্যকর্মের মধ্যে রেখাচিত্র, চৌচির, দুর্দিনের দিনলিপি, রাঙাপ্রভাত, মৃতের আত্মহত্যা অন্যতম।

সাহিত্যকর্মে অবদানের জন্য তিনি বাংলা একাডেমী পুরস্কার, আদমজী সাহিত্য পুরস্কার, মুক্তধারা সাহিত্য পুরস্কার ও নাসিরুদ্দিন স্বর্ণপদক লাভ করেন। ১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় তাকে অনারারি ডিলিট প্রদান করে।

আবুল ফজল শুধু শিক্ষক ও সাহিত্যিকই ছিলেন না, দেশের একজন নেতৃস্থানীয় প্রগতিশীল বুদ্ধিজীবী হিসেবে জাতির বিভিন্ন সংকট ও ক্রান্তিলগ্নে তার বলিষ্ঠ ভূমিকার জন্য তিনি পরিচিত ছিলেন 'জাতির বিবেক' হিসেবে।

অধ্যাপক আবুল ফজল স্ত্রী, ৫ ছেলে ও এক মেয়ে রেখে গেছেন।

আজ জোহরের নামাজের পর চট্টগ্রাম সার্কিট হাউস ময়দানে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হবে।